বাংলাদেশ কৃষি ব্যাংক
মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও আরএমডি
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ইমেইল: dcamlco@krishibank.org.bd
ফোন: ২২২৩৩৮৪৪৮৬

নং-প্রকা/এএমএল-আরএমডি-৪/২০২৪-২৫/৫৬২১

তারিখ ঃ ০৬ মে ২০২৫

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে )।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ CAMLCO Conference-2025 এ গৃহীত Action Plan-2025 বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এর উদ্যোগে সকল তফসিলি ব্যাংকের "প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন-২০২৫" বিগত ১১-১২ এপ্রিল, ২০২৫ তারিখে চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। সম্মেলনে ব্যাংকসমূহের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে পরিপালন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে গৃহীত Action Plan-2025 এর আলোকে মাঠ কার্যালয়সমূহকে দ্রুততম সময়ে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করতে হবে।

i) ব্যাংকে সংঘটিত বিভিন্ন অনিয়ম প্রতিরোধে Whistle Blowing ভূমিকা পালন করতে হবে। এক্ষেত্রে, শাখা পর্যায়ে কোন ধরণের আর্থিক লেনদেন/কার্যক্রমে অনিয়ম সংঘটন বা সংঘটনের সম্ভাবনা পরিলক্ষিত হলে প্রয়োজনে গোপনীয়তা রক্ষাপূর্বক যত দ্রুত সম্ভব যথাযথ কর্তৃপক্ষ বা মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগকে অবহিত করতে হবে।

ii) ঋণের টাকার যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং ঋণের প্রকৃত সুবিধাভোগী সনাক্তকরণে বিভাগীয় কার্যালয়, RAMLCO (CRM/RM), শাখা ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক সমন্বিত উদ্যোগ গ্রহণ করতে হবে।

iii) শাখা পর্যায়ে আমানত, ঋণ, বৈদেশিক বাণিজ্য, রেমিট্যান্স বিষয়ক কোন লেনদেন ও গ্রাহকের কার্যক্রম অস্বাভাবিক হিসেবে প্রতীয়মান হলে AML-CFT & RMD বরাবর যথাক্রমে Suspicious Transaction Report (STR) ও Suspicious Activity Report (SAR) প্রেরণ নিশ্চিত করতে হবে।

iv) বাণিজ্য ভিত্তিক মানিলন্ডারিং প্রতিরোধে আমদানী-রপ্তানি কার্যক্রমে যথাযথভাবে পণ্যমূল্য যাচাই করতে হবে এবং এতদ্সংক্রান্ত তথ্য ফাইলে সংরক্ষণ করতে হবে।

v) Top Down Approach-এ AML/CFT Compliance নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে, CCC ও AML-CFT বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নকরতে হবে।

vi) অ্যাপস ভিত্তিক লেনদেন, ফ্রি ল্যান্সিং হিসাব, ইন্টারন্যাশনাল ক্রেডিট কার্ড, স্টুডেন্ট ফাইল, জিএল হিসাবে পে-অর্ডার সংশ্লিষ্ট লেনদেন মনিটরিং-এ যথাযথ গুরুত্বারোপ করতে হবে।

vii) অবৈধ হুন্ডি, অনলাইন গেমিং/বেটিং, ক্রিপ্টোকারেন্সি, সাইবার ক্রাইমসহ উদ্ভূত আর্থিক অপরাধ প্রতিরোধে শাখা পর্যায়ে সচেতন থাকতে হবে।

পরবর্তী পাতা/০২

বিষয় ঃ **CAMLCO Conference-2025 এ গৃহীত Action Plan-2025 বাস্তবায়ন প্রসঙ্গে।**

০৩। এমতাবস্থায়, আগামী ২০২৭-২৮ সালে অনুষ্ঠেয় APG (Asia Pacific Group) এর ৪র্থ পর্বের মিউচ্যুয়াল ইভালুয়েশন (ME) কে সামনে রেখে দেশের AML-CFT র‍্যাংকিং উন্নীতকরণের নিমিত্ত BFIU কর্তৃক ঘোষিত Action Plan-2025 সমূহ বাস্তবায়নে সকলের আন্তরিক সহযোগীতা কামনা করছি।

অনুমোদনক্রমে

আপনার বিশ্বস্ত

২৭/০৫/২০২৫

(এফ এম এ রহিম)
উপমহাব্যবস্থাপক
ও
উপপ্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা
(DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। নথি/মহানথি।